সবাই মিলে দেব কর
দেশ হবে স্বনির্ভর

(৫৮৭)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

আদেশ নং:১৫৮/আদেশ/স্পেসাল বন্ড সার্কেল-০৭ প্রেরণের তারিখ :২৪/১২/২০২০ খ্রিঃ

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ মোঃ শওকাত হোসেন
পদবী ঃ কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

## মূল আদেশ

০১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

০২। (ক) অভিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ মেসার্স এ কে জে ফ্যাশন্স ফেব্রিক্স লিঃ, প্লট নং-১৫/১৬, রোড নং-০৪, সেকশন-০৭. মিরপুর, ঢাকা

(খ) অনিয়ম এর বিবরণ ঃ ১৬৮,৫৮৭.২৫ গজ ও ১৩,৫৯৮.৮০ মিটার কাপড় মেয়াদ উত্তীর্ণ হওয়া।

(গ) জড়িত পণ্যের মূল্য ঃ ৫২,০০,৫৭২.২৩ (বায়ান্ন লক্ষ পাঁচশত বাহাত্তর দশমিক দুই তিন) টাকা এবং মূসক -১১ চালান দাখিল করতে ব্যর্থ হওয়ায় ১৫% হারে মূসক বাবদ ১৬,২৪,৮১২.০০ (ষোল লক্ষ চব্বিশ হাজার আটশত বার) টাকা।

(ঘ) প্রযোজ্য শুল্ক-করাদি ঃ ৬৮,২৫,৩৮৪.২৩ (আটষট্টি লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা।

(ঘ) শুনানির তারিখ ঃ ০৬/১২/২০২০ খ্রিঃ।

পঠিত মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র নথিতে সংরক্ষিত।

## মামলার সংক্ষিপ্ত বিবরণ

০৩। মেসার্স এ কে জে ফ্যাশন্স ফেব্রিক্স লিঃ, প্লট নং-১৫/১৬, রোড নং-০৪, সেকশন-০৭. মিরপুর, ঢাকা, (বন্ড লাইসেন্স নং ৬৮৯/কাস-এসবিডব্লিউ/২০০৬ তারিখঃ ৩০/০৭/২০০৬ খ্রিঃ, মূসক নিবন্ধন নং-১৭০১১০১৪৭৩০ তারিখঃ ১০/১২/২০১২ খ্রিঃ, ই-বিন নং-০০০২৮৮৯৩৮-০৪০১, তাং-০৫/১১/২০১৯ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানটি বিগত ৩০/০৭/১২ খ্রিঃ হতে ২৯/০৭/২০১৮ঃ খ্রিঃ মেয়াদের নিরীক্ষায় ১৬৮৫৮৭.২৫ গজ ও ১৩৫৯৮.৮০ মিটার কাপডের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত কাঁচামালের উপর শুল্কায়ণযোগ্য মূল ৫২,০০,৫৭২.২৩ (বায়ান্ন লক্ষ পাঁচশত বাহাত্তর দশমিক দুই তিন) টাকা এবং মূসক -১১ চালান দাখিল করতে ব্যর্থ হওয়ায় ১৫% মূসক হারে দাবীকৃত ১৬,২৪,৮১২.০০ ( ষোল লক্ষ চব্বিশ হাজার আটশত বার) টাকা সর্বমোট ( ৫২,০০,৫৭২.২৩ + ১৬,২৪,৮১২.০০) । শুল্ক করাদির পরিমাণ ৬৮,২৫,৩৮৪.২৩ (আটষট্টি লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা ফাঁকির অভিযোগ পাওয়া যায়।

০৪। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এহেন কার্যকলাপ The Customs Act, 1969 এর section 13 ও sub-section (1) এর সহিত পঠিতব্য বন্ড লাইসেন্সের সংশ্লিষ্ট শর্ত লংঘিত হয়েছে, যা একই Act এর section 86, 97, 114 এবং বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ ও মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৩, ৬ এর একই আইনের সাথে পঠিতব্য বিধিমালা ১৯৯১ এর বিধি ১৬(১১) পরিপন্থি, যা The Customs Act, 1969 এর section 156 (1) এর টেবিলভুক্ত Clause 1, 51 51A, 61 ও 90 মোতাবেক দন্ডযোগ্য অপরাধ এবং একই আইনের section 111 অনুযায়ী কাঁচামালের শুল্কায়নযোগ্য মূল্য ৫২,০০,৫৭২.২৩ (বায়ান্ন লক্ষ পাঁচশত বাহাত্তর দশমিক দুই তিন) টাকা এবং মূসক -১১ চালান দাখিল করতে ব্যর্থ হওয়ায় ১৫% হারে মূসক বাবদ ১৬,২৪,৮১২.০০ ( ষোল লক্ষ চব্বিশ হাজার আটশত বার) টাকা। শুল্ক করাদির পরিমাণ ৬৮,২৫,৩৮৪.২৩ (আটষট্টি লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা প্রতিষ্ঠান কর্তৃপক্ষে নিকট হতে আদায়যোগ্য।

## পর্যালোচনা

উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত অভিযোগের আলোকে গত ১৯/০৩/২০১৯ তারিখের কারণ দর্শাও নোটিশ, ০২/০৪/২০১৯ তারিখের কারণ দর্শাও নোটিশ এর লিখিত জবাব, মামলার অন্যান্য রেকর্ড পত্র পর্যালোচনা করা হলো। পর্যালোচনা করে দেখা যায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ অত্র দপ্তরের দাবীনামা সম্বলিত কারণ দর্শাও নোটিশ এবং প্রতিষ্ঠান কর্তৃক ০২/০৪/২০১৯ খ্রিঃ তারিখের দাখিলকৃত জবাব এবং ২৫/০১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দিপক্ষীয় শুনানী ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষর আবেদনের প্রেক্ষিতে দাবীকৃত অর্থ মোট ৬৮,২৫,৩৮৪.২৩ (আটষট্টি লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা ০৫ (পাঁচ) টি কিস্তির মাধ্যমে পরিশোধের সুযোগ

প্রদান করা হয়েছিল। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ দপ্তরের দাবীকৃত অর্থের মধ্যে এককালীন ১৫,০০,০০০/- টাকা ট্রেজারী চালান নং- ৫০১-৫০৬, তাং-২৮/০১/২০২০ খ্রিঃ সহ ১ম, ২য় ও ৩য় কিস্তির সর্বমোট ৩০,০০,০০০/- পরিশোধ করেন ও ৪র্থ ও ৫ম কিস্তির অবশিষ্ট ২৩,২৫,৩৮৪.২৩ (তেইশ লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা পরিশোধ করতে বিলম্ব ঘটানোর কারণে প্রতিষ্ঠানের বিরুদ্ধে The Customs Act, 1969 এর Section 202 ধারা প্রয়োগ করা হয় এবং তাদের বন্ড লাইসেন্স সাময়িক স্থগিত Suspend সহ বিন লক করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ট্রেজারী চালান নং-১৩১-১৩২, তাং-০৬/১০/২০২০, ৬৭ তাং-০৭/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে অবশিষ্ট ৪র্থ ও ৫ম কিস্তির ২৩,২৫,৩৮৪.২৩ (তেইশ লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা পরিশোধ করেছেন। গত ০৬/১২/২০২০ তারিখে কমিশনার মহোদয়ের অফিস কক্ষে শুনানীতে উপস্থিত হয়ে বিস্তারিত ব্যাখ্যা প্রদানসহ তাদের বিরুদ্ধে জারীকৃত 202 ধারা প্রত্যাহারসহ তাদের বন্ড লাইসেন্সটি স্থগিতাদেশ বাতিল ও বিন আনলক করে দেওয়ার জন্য অনুরোধ করেন।

## আদেশ

এই মামলার সাথে সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা করলাম। শুনানীতে প্রদত্ত বক্তব্য শ্রবণ করলাম। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগ The Customs Act, 1969 এর section 13 ও sub-section 1 ও section 86, 97, 114 এবং বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ লংঘিত হওয়ায়, অভিযোগ প্রমাণিত। দাবীকৃত ৬৮,২৫,৩৮৪.২৩ (আটষট্টি লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা যথাযথ ভাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ইতিমধ্যে সরকারী কোষাগারে জমা করায় নমনীয় মনোভাব গ্রহণ করে The Customs Act, 1969 এর section 156(1) এর টেবিলভুক্ত Clause 1, 51, 51A, 61 ও 90 এর আলোকে অনিয়ম প্রমানিত হওয়ায় ১০০০০০.০০ (এক লক্ষ) টাকা অর্থদন্ড আরোপ করা হল। উল্লেখ্য আরোপিত অর্থদন্ডের টাকা এ আদেশ জারির ১৫ (পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারী কোষাগারে যথাযথ অর্থনৈতিক কোডের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবরে পেশ করার জন্য আদেশ দেয়া হল। একই সাথে দাবীকৃত অর্থ ২৩,২৫,৩৮৪.২৩ (তেইশ লক্ষ পঁচিশ হাজার তিনশত চুরাশি দশমিক দুই তিন) টাকা ইতিমধ্যে সরকারি কোষাগারে জমা দেওয়ায় এই দপ্তর হতে জারিকৃত The Customs Act, 1969 এর section 202 (পত্র নং-৮৮৩৭, তারিখঃ ২৮/০৭/২০২০) বন্ড লাইসেন্স নং-৬৮৯/কাস-এসবিডব্লিউ/২০০৬ তারিখঃ ৩০/০৭/২০০৬ খ্রিঃ, এর স্থগিতাদেশ প্রত্যাহার ও মূসক নিবন্ধন নং- ১৭০১১০১৪৭৩০ তারিখঃ ১০/১২/২০১২ খ্রিঃ, ই-বিন নং-০০০২৮৮৯৩৮-০৪০১, তাং-০৫/১১/২০১৯ খ্রিঃ আনলক করা হলো।

২৩/১২/২০২০

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক,
মেসার্স এ কে জে ফ্যাশন্স ফেব্রিক্স লিঃ,
প্লট নং-১৫/১৬, রোড নং-০৪, সেকশন-০৭. মিরপুর, ঢাকা।

[ মোঃ শওকাত হোসেন ]
কমিশনার
ফোন : ৯৩৪৭০০০, ফ্যাক্স- ৯৩৪১০৭৬
ই-মেইলঃ bondcomdhk@gmail.com

নথি নং- ৫(১৩)২১৪/কাস-বন্ড/লাইঃ/২০০৫/১৪৫৫২ (১-৬) (১-৪)    তারিখ ঃ ২৭/১২/২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

০১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস #৭/৭এ, ব্লক # এইচ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২। সিস্টেম এনালিষ্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (তাঁকে বিষয়টি কম্পিউটার Upload করার জন্য অনুরোধ করা হলো)
০৩। উপ/সহকারী কমিশনার, ইউপি শাখা-১/২, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
০৪। ব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিঃ, মিরপুর শাখা, মিরপুর, ঢাকা
০৫। পি.এ. টু কমিশনার কাস্টসম বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। বকেয়া রাজস্ব শাখা, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২. মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, গুলফেঁশা প্লাজা, ৬৯, আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা-১২১৭।
৩. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/মোংলা/আইসিপি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, কেরানীগঞ্জ, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৪. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/ রংপুর/ কুমিল্লা/ চট্টগ্রাম /রাজশাহী/ খুলনা/ সিলেট/ যশোর।

23.12.2020

[ কাজী রায়হানুজ্জামান ]
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে